

ভোবের কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 28 2002

ঢাকা বিশ্ববিদ্যালয়

কেবল ২০০১ ও ২০০২

সালে উত্তীর্ণরাই প্রথমবারে

ভর্তি হতে পারবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ২০০১ এবং ২০০২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই কেবল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনের জন্য নিম্নতম যোগ্যতা হচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ ষ ও গ ইউনিটের ক্ষেত্রে মোট ১ হাজার ১৫০ নম্বর এবং ক ইউনিটের ক্ষেত্রে সর্বমোট ১ হাজার ৩৫০ নম্বর পেতে হবে।

ঘ ইউনিটের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার বাংলা ও ইংরেজির সর্বমোট নম্বরের (গ্রেন্স নম্বর ছাড়া) শতকরা ৫০ পেতে হবে। এই ইউনিটের জন্য উচ্চ মাধ্যমিক/আলিম বিজ্ঞান শাখা এবং গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে আগত ছাত্রছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১ হাজার ৩৫০ নম্বর এবং কলা ও বাণিজ্য শাখা থেকে আগত ছাত্রছাত্রীদের সর্বমোট ১ হাজার ১৫০ নম্বর পেতে হবে। এছাড়া ২০০১ ও ২০০২ সালের এ লেভেলে ২টি বিষয়ে এবং ও লেভেলে ৪টি বিষয়ে উত্তীর্ণ এই ৬টির মধ্যে অন্তত ৪টিতে 'বি' গ্রেড এবং ২টিতে 'সি' গ্রেড থাকতে হবে।

ক, ষ, গ এবং ঘ এই ৪টি ইউনিটের মাধ্যমে ভর্তির নির্ধারিত আবেদনপত্র আগামী ১৭ ডিসেম্বর থেকে ব্যাংকের মাধ্যমে বিতরণ শুরু হবে এবং পূরণকৃত ফরম আগামী বছর ৯ জানুয়ারির মধ্যে নথিভুক্ত ইউনিট অফিসে জমা দিতে হবে। জনতা ব্যাংক টিএসসি শাখা থেকে ষ ও ঘ ইউনিটের ফরম, অগ্রণী ব্যাংক কার্জন হল শাখা থেকে ক ইউনিটের এবং ঢাবির প্রশাসনিক ভবন সোনালী ব্যাংক শাখা থেকে গ ইউনিটের ফরম বিতরণ করা হবে। ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ২৫০ টাকা। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার পাস নম্বর হচ্ছে ৪০।

ক এবং ষ ইউনিটের ভর্তি পরীক্ষা যথাক্রমে ৩১ জানুয়ারি এবং ৭ ফেব্রুয়ারি সকাল ১০টায় এবং গ ও ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা ১৭ জানুয়ারি এবং ২৪ জানুয়ারি ২০০৩ বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, প্রতি বছর আইন অনুষদের ভর্তি পরীক্ষা ষ ইউনিটের অধীনে অনুষ্ঠিত হলেও এ বছর থেকে তা ঘ ইউনিটের অধীনে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।